



স্মারক নং - বুটেক্স/একা/২১(১ম খন্ড)/২০২০/

তারিখঃ ১৭/১০/২০২৪ খ্রিঃ

বিজ্ঞপ্তি

এতদ্বারা এই বিশ্ববিদ্যালয়ের বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের চলমান ব্যাচসমূহের শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, গত ১৫/০৯/২০২৪ তারিখে সম্মানীত ডীন ও বিভাগীয় প্রধানগণের সমন্বয়ে অনুষ্ঠিত ১৯৫তম সভায় ৪৮তম ব্যাচ থেকে তদুর্ধ্ব ব্যাচের ক্ষেত্রে প্রতি লেভেলে ১ (এক) বারের জন্য স্পেশাল সাপ্লিমেন্টারী পরীক্ষা গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। পরবর্তীতে ১৯/০৯/২০২৪ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ৭৪তম সভায় উপরোক্ত সিদ্ধান্তটি অনুমোদিত হয়। সে প্রেক্ষিতে শিক্ষার্থীদের সাপ্লিমেন্টারী পরীক্ষা গ্রহণের বিষয়টি পরবর্তী সিডিকেট সভায় অনুমোদিত হলে এ বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে।

এমতাবস্থায়, বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের ২০২৩-২৪ সেশনের লেভেল-১ টার্ম-১ এবং ২০২২-২৩ সেশনের লেভেল-১ টার্ম-২, লেভেল-২ টার্ম-২ ও লেভেল-৩ টার্ম-২ এর শিক্ষার্থীদের নিয়মিত ক্লাস ও অন্যান্য একাডেমিক কার্যক্রমে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।


স্বাক্ষরিত/-
(কাবেরী মজুমদার)
রেজিস্ট্রার

স্মারক নং - বুটেক্স/একা/২১(১ম খন্ড)/২০২০/৩৯৬

তারিখঃ ১৭/১০/২০২৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. সকল ডীন, বুটেক্স।
২. সকল বিভাগীয় প্রধান, বুটেক্স।
৩. পরিচালক, শিক্ষার্থী-কল্যাণ, বুটেক্স।
৪. সকল হল প্রভোস্ট, বুটেক্স।
৫. সকল কোর্স কো-অর্ডিনেটর, বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রাম, বুটেক্স।
৬. পরীক্ষা নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর, বুটেক্স।
৭. উপ-পরিচালক, এ্যাস্টেট এন্ড সিকিউরিটি শাখা, বুটেক্স।
৮. পিএস টু ভিসি, ভিসি অফিস (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), বুটেক্স।
৯. আইসিটি সেল, বুটেক্স (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ)।
১০. সংশ্লিষ্ট নথি।


(মুহাম্মদ শরীফুর রহমান)
ডেপুটি রেজিস্ট্রার (এইচআর)